

গ) কবিকঙ্কণ মুকুন্দের চণ্ডীমঙ্গল কাব্যের আখ্যটিক খণ্ড  
অবলম্বনে তৎকালীন সমাজবাস্তবতার পরিচয়টি তুলে  
ধরো।

১০

ঘ) বাংলা ছন্দের ত্রি-ধারা কী কী? অক্ষরবৃত্ত ছন্দের প্রকৃতি  
এবং উদাহরণসহ তার বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো।

২+৮=১০

68/Beng/H(GE)

UG/1st Sem/BNGH/GE-T-I/18

২০১৮

বাংলা

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGH/GE-T-I

(বাংলা সাহিত্যের ইতিহাস, ছন্দ, অলংকার,  
বৈষ্ণব পদাবলী ও মঙ্গলকাব্য)

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$

ক) 'সন্ধ্যাভাষা'— বলতে কী বোঝায়?

খ) দুটি শ্রেষ্ঠ চৈতন্যজীবনী কাব্যের নাম ও তাদের কবির  
নাম লেখো।

গ) ভারতচন্দ্রের অনন্যদামঙ্গল কাব্যের দুটি চরিত্রের নাম লেখো।  
ভারতচন্দ্র এই কাব্যকে কী নামে অভিহিত করেছেন?

ঘ) অভিসার কাকে বলে? এ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

ঙ) 'রাধার কি হৈল অন্তরে ব্যঙ্গ্য' — পদটি কার রচনা এবং  
কোন পর্যায়ের পদ এটি?

68/Beng/H(GE)

(4)

[Turn Over]

- ১৭। চ) “কী সুন্দর মালা আজি পরিয়াছ গলে,  
প্রচেতঃ।”  
— বাক্যটিতে কোন্ অলংকার আছে?
- ছ) বক্রোক্তি অলংকারের সংজ্ঞা ও উদাহরণ দাও।
- জ) শ্বাসাঘাত কী?
- ঝ) মাত্রাবৃত্ত ছন্দের কয়টি প্রকার ও কী কী?
- ঞ) কালকেতুর পিতা-মাতার নাম কী কী?
- ট) ‘ফুল্লরার বারোমাস্যা’— এখানে ‘বারোমাস্যা’ বলতে কী বোঝানো হয়েছে?
- ঠ) ‘ছোট গ্রাস তোলে যেন তেয়াঁটিয়া তাল’— কার সম্পর্কে কী প্রসঙ্গে এ বর্ণনা করা হয়েছে?
- ড) পর্ব বিভাজন করো :  
আকাশ এখন পর্দানশীন বাড়ির বিবি / বোরখা আঁটা।
- ঢ) ‘কত শত খায় জেঁক নাহি খায় ফণী’  
— বক্তা কে? কার উদ্দেশ্যে বলা হয়েছে?
- ণ) বাৎসল্য রসের সংজ্ঞা নির্দেশ করো। এ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$
- ক) যে কোনো দু’টি অলংকার সম্বন্ধে পরিচিতি দাও :  
শ্লেষ, রূপক, উৎপ্রেক্ষা

- খ) ‘এ সখি হামারি দুখের নাহি ওর’  
— পদটির পর্যায় এবং কবির নাম উল্লেখপূর্বক কাব্যসৌন্দর্য নির্দেশ করো।
- গ) চণ্ডীমঙ্গল কাব্যে বর্ণিত মুরারি শীল চরিত্রটি বিচার করো।
- ঘ) যে কোনো একটি বিষয়ে টীকা লেখো :  
চৈতন্যচরিতামৃত, বিজয়গুপ্ত
- ঙ) মঙ্গলকাব্য কাকে বলে? মঙ্গলকাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- চ) ছন্দোলিপি নির্ণয় করো :  
এখানে শহর চঞ্চলতায় প্রগলভ—  
এখানে দাঁড়িয়ে এ মাটি মাড়িয়ে কি বলব!
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$
- ক) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটি কে, কোথা থেকে আবিষ্কার করেন? কাব্যটির প্রকৃত নাম কী ছিল? কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বাংলা সাহিত্যের ইতিহাসে এটির গুরুত্ব নির্দেশ করো।  $১+১+১+৪+৩=১০$
- খ) ‘নীরদ নয়নে / নীরঘন সিঞ্চনে’  
— পদটি কার লেখা, কোন্ পর্যায়ের পদ? পদটিতে শ্রীগৌরঙ্গের রূপাঙ্কনে যে অসামান্য কবিত্বের প্রকাশ ঘটেছে, তা বিশ্লেষণ করে দেখাও।  $১+১+৮=১০$